

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বাজেট অধিশাখা  
[www.emrd.gov.bd](http://www.emrd.gov.bd)

নং-২৮.০০.০০০০.০১১.২৫.১৯৬.১৪.

তারিখ : ২২ জ্যৈষ্ঠ ১৪২৫  
০৫ জুন ২০১৮

প্রাপক,

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : যুক্তরাষ্ট্র সফরের অনুমতি।

মহোদয়,

U.S. Department of State কর্তৃক আয়োজিত যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত International Visitor and Leadership Program (IVLP)-এ অংশগ্রহণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সহকারী প্রধান জনাব ফিরোজ আল মামুনকে আগামী ০৯-৩০ জুন, ২০১৮ তারিখ পর্যন্ত অথবা প্রকৃত যাত্রার তারিখ হতে ২১ (একুশ) দিন (যাতায়াত সময় ব্যতীত) যুক্তরাষ্ট্র সফরের সরকারি অনুমোদন জ্ঞাপন করা হলো।

২। এ সফরের শর্তাবলি নিম্নরূপ :

- (ক) তার যাতায়াতসহ সফরের সম্পূর্ণ সময় কর্মকাল (on duty) হিসেবে গণ্য হবে;
- (খ) অনুমোদিত বিদেশে অবস্থানের মেয়াদ বাড়ানো যাবে না;
- (গ) বর্ণিত সফরকালীন তাঁর বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রদেয় হবে;
- (ঘ) বর্ণিত ভ্রমণের যাবতীয় ব্যয়ভার U.S Department of state বহন করবে। এতে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না; এবং
- (ঙ) সফর শেষে কাজে যোগদানের ০৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাকে এতদ্বিষয়ে একটি প্রতিবেদন এ বিভাগে দাখিল করতে হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,

*(স্বাক্ষর)*

(মোঃ হারুন-অর-রশিদ)

উপসচিব

ফোন : ৯৫১৪১৬৫

তারিখ : ২২ জ্যৈষ্ঠ ১৪২৫  
০৫ জুন ২০১৮

নং-২৮.০০.০০০০.০১১.২৫.১৯৬.১৪. ১০০২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ : কনসুলার সেকশন; প্রয়োজনীয় নোট ভারবাল জারির অনুরোধসহ)।
- ২। মান্যবর রাষ্ট্রদূত, যুক্তরাষ্ট্র দূতাবাস, ঢাকা।
- ৩। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র।
- ৪। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৭। জনাব ফিরোজ আল মামুন, সিনিয়র সহকারী প্রধান, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৯। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১০। প্রোগ্রামার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অফিস কপি।

(মোঃ হারুন-অর-রশিদ)

উপসচিব